

আগামি আর্থিক বছরে ২৫০ কোটি টাকা মূলধন ব্যয় করবে টিসিআই

নিজস্ব সংবাদদাতা : ভারতের অগ্রণী লজিস্টিক পরিষেবা প্রদানকারী সংস্থা, টিসিআই (ট্রান্সপোর্ট কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেড) আগামি আর্থিক বছরে প্রায় ২৫০ কোটি টাকা মূলধন ব্যয় করার পরিকল্পনার কথা জানিয়েছে। টিসিআই-এর ম্যানেজিং ডিরেক্টর বিনীত আগরওয়াল বলেন, আগামি আর্থিক বছরে প্রায় ২৫০ কোটি টাকার ক্যাপেক্স-এর দিকে নজর দিয়েছি। এর মধ্যে ১০০-১২৫ কোটি টাকা খরচ করা হবে জাহাজ ও কন্টেনারের পিছনে এবং ৩০-৫০ কোটি টাকা খরচ করা হবে ট্রাকের জন্য। তিনি আরও জানান, প্রধানমন্ত্রীর গতি শক্তির উদ্যোগ হল একটি মূল কর্মসূচি। কারণ, এর অন্যতম উদ্দেশ্য হল লজিস্টিক খরচ কমিয়ে আনা। আগামি আর্থিক বছরে ১২-১৫ শতাংশ বৃদ্ধির দিকে নজর দিয়েছে টিসিআই।